



Sub: Bengali Grammar Work Sheet-6

Class: 6

Date: 20.04.2020

## পদ পরিবর্তন

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। কোন্ কোন্ পদের মধ্যে পরিবর্তন হয়ে থাকে?  
(ক) বিশেষ্য-সর্বনাম পদে (খ) সর্বনাম-বিশেষণ পদে  
(গ) বিশেষ্য-বিশেষণ পদে (ঘ) কোনটি নয়
- ২। পদ পরিবর্তনের আরেক নাম হল —  
(ক) পদাষয় (খ) পদাস্তর  
(গ) পদ বিন্যাস (ঘ) কোনটি নয়
- ৩। 'সূর্য' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) সূর্যা (খ) সূর্যানি  
(গ) সৌর (ঘ) কোনটি নয়
- ৪। 'ঈশ্বর' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) ঈশ্বরী (খ) ঈশ্বরিক  
(গ) ঈশ্বরীয় (ঘ) কোনটি নয়
- ৫। 'দুঃখ' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) দুঃখিত (খ) দুঃখী  
(গ) দুঃখময়তা (ঘ) কোনটি নয়
- ৬। 'স্নেহ' শব্দের পদ পরিবর্তন কি?  
(ক) স্নেহা (খ) স্নেহশীল  
(গ) স্নিগ্ধ (ঘ) স্নিগ্ধতা
- ৭। 'শরৎ' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) শারদীয়া (খ) শারদীয়  
(গ) শারদ (ঘ) কোনটি নয়
- ৮। 'পিতা' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) পিতঃ (খ) পিত্রিক  
(গ) পৈতৃক (ঘ) পৈত্রিক
- ৯। 'গ্রাম' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) গ্রাম্য (খ) গ্রামীণ  
(গ) গ্রামীয় (ঘ) কোনটি নয়
- ১০। 'শ্রম' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) শ্রমিক (খ) শ্রম্য  
(গ) শ্রান্ত (ঘ) শ্রমণীয়

- ১১। 'বঙ্গ' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) বঙ্গীয় (খ) বঙ্গাল  
(গ) বঙ্গালী (ঘ) বাঙ্গাল
- ১২। 'অর্থ' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) অর্থবান (খ) অর্থশালী  
(গ) অর্থনৈতিক (ঘ) আর্থিক
- ১৩। 'পৃথিবী' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) পৃথিবীয় (খ) পৃথিবীময়  
(গ) পার্থিব (ঘ) কোনাট নয়
- ১৪। 'বর্ষ' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) বার্ষিক (খ) বার্ষিকী  
(গ) বর্ষপূর্তি (ঘ) বর্ষপূরণ
- ১৫। 'নিশা' শব্দের পদ পরিবর্তন হল —  
(ক) নিশি (খ) নৈশ  
(গ) নিশীথ (ঘ) নিশিরাত

**Amit Kundu**

\*\*\*\*\*